



Rotary  
Club of  
Dhaka Abani



সমঝোতা স্মারক  
(Memorandum of Understanding)

যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

এবং

রোটারী ক্লাব অব ঢাকা অবনী  
ডিস্ট্রিক্ট - ৩২৮১  
রোটারী ইন্টারন্যাশনাল

*Kishu*  
✓



খগ ৭৫৬৩৬৫১

-০২-

### যুব উন্নয়ন অধিদপ্তর ও রোটারী ক্লাব অব ঢাকা অবনী এর মধ্যে সমঝোতা স্মারক

দেশের যুব সম্প্রদায়কে দক্ষ মানব সম্পদে পরিণত করে উন্নয়নের মূল স্রোতধারায় অন্তর্ভুক্ত করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর ৬৪টি জেলায় প্রাতিষ্ঠানিক ও ৪৯৮টি উপজেলায় (১০টি মেট্রোপলিটন ইউনিট থানা সহ) অপ্রাতিষ্ঠানিক কোর্সে দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করে আসছে। প্রশিক্ষিত যুবদের খণ সহায়তা দিয়ে উৎপাদনমুখী আয়সঞ্চারণমূলক কাজে নিয়োজিত করে তাদেরকে সফল আত্মকর্মা হিসেবে প্রতিষ্ঠিত করতে কাজ করে যাচ্ছে। যুব উন্নয়ন অধিদপ্তর শুরু থেকে এ পর্যন্ত মোট ৬৩.২৩,০৬৭ জন যুবক ও যুবমহিলাকে বিভিন্ন ট্রেডে স্বল্প ও দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণ দিয়েছে। এদের মধ্যে ২২,৬৩,৮৪৭ জন আত্মকর্মসংস্থানের মাধ্যমে স্বাবলম্বী হয়েছে। তাদের মধ্যে ৯,৭৮,১৫০ জন যুব উন্নয়ন অধিদপ্তর হতে খণ সুবিধা গ্রহণ করে সমাজে প্রতিষ্ঠিত হতে পেরেছে।

অপরদিকে, রোটারী ক্লাব একটি আন্তর্জাতিক সেবা সংগঠন। রোটারী ক্লাব অব ঢাকা অবনী ডিস্ট্রিক্ট-৩২৮১, রোটারী ইন্টারন্যাশনালের একটি অংশ। ইতিমধ্যেই যুব সমাজের সামাজিক মূল্যবোধ, সচেতনতা ও কর্মসংস্থান সৃষ্টির কাজে যুক্ত রয়েছে ক্লাবটি। তাদের বেকারত্ব দূরীকরণে আর্থিক সহায়তা প্রদান ও প্রশিক্ষণ কর্মসূচি রয়েছে। রোটার্যাক্ট যাদের বয়স ১৮ থেকে ৩৫ বছর তারা সহ যুব সমাজের বিভিন্ন উন্নয়নের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের সাথে যৌথ উদ্যোগে কাজ করতে আগ্রহী। এলক্ষ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের জন্য উভয় পক্ষ সম্মত হয়।

#### সমঝোতা স্মারকের বিষয়:

- ১। বেকার যুবদের কর্মপ্রত্যাশী হওয়ার লক্ষ্যে উদ্বুদ্ধকরণ ও যুব কার্যক্রম প্রচার।
- ২। বেকার যুবদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে স্থানীয় চাহিদার ভিত্তিতে বিভিন্ন দক্ষতামূলক প্রশিক্ষণে অন্তর্ভুক্তিকরণ।
- ৩। যুবনারীদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।
- ৪। প্রশিক্ষণান্তে আত্মকর্মসংস্থানে নিয়োজিত করার লক্ষ্যে উদ্বুদ্ধকরণ ও সহায়তাদানের ব্যবস্থা করা।

“দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন”

*Mishu*  
১৮